

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।  
www.wewb.gov.bd

বিষয়: ০৪ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : মোঃ হামিদুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
তারিখ : ০৪ অক্টোবর, ২০২১  
সময় : ৩.০০ টা  
স্থান : মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২এর ১ম কোয়াটারের (জুলাই-সেপ্টেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

	আলোচনা	সিদ্ধান্ত
জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ১ম কোয়াটারের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ অর্থ বছরের প্রথম কোয়াটার (জুলাই-সেপ্টেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। সভাপতি প্রথম কোয়াটারে বাস্তবায়নযোগ্য সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে জানতে চান। পরিচালক (আইআরপি) জানান যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী ১ম কোয়াটারের সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে। ১ম কোয়াটারে কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার ও কর্মপরিবেশ উন্নয়নের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরিচালক (অর্থ ও কল্যাণ) বলেন, বিদেশগামী কর্মীদের বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে থাকার জন্য প্রত্যেক কর্মীকে হোটেল খরচ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক সহায়তা এবং প্রত্যাগত মহিলা কর্মীকে প্রনোদনা বাবদ=২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী পরবর্তী কোয়াটারের সকল কার্যক্রম যথাসময়ে সম্পাদনের বিষয়ে গুরুত্ব প্রদান করা হয়। ১ম কোয়াটারের (জুলাই-সেপ্টেম্বর) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনুমোদন ও দুই মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। মহাপরিচালক শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করে আপডেট রাখার নির্দেশনা প্রদান করেন।	১. ১ম কোয়াটারের (জুলাই-সেপ্টেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অনুমোদন ও মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করে আপডেট রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত পরবর্তী কোয়াটার সমূহের সকল কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ হামিদুর রহমান  
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)  
ও  
সভাপতি  
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি